

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৭.১৫-১৫০

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২২  
১৭ মে ২০১৫

প্রজ্ঞাপন

যেহেতু জনাব মোঃ আতাউর রহমান (পরিচিতি নম্বর ০০৫১৫৩), নির্বাহী প্রকৌশলী, ঢাকা সড়ক বিভাগ কর্তৃক ২০১৪-২০১৫ অর্থবছরে ঢাকা সড়ক বিভাগে e-GP এর মাধ্যমে আহবানকৃত দরপত্রে অংশগ্রহণকারী ঠিকাদার M/S. Richi Enterprise এর অনুকূলে তৎকালীন নির্বাহী প্রকৌশলী সৈয়দ আসলাম আলী কর্তৃক স্বাক্ষরিত Work Completion Certificateটি সঠিক আছে মর্মে গত ১০.০৯.২০১৪ তারিখে ২৮৯৬ সংখ্যক স্মারকে দরপত্র মূল্যায়ন কমিটির সভাপতি ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা জোন-কে অবহিত করা হয়;

যেহেতু আপনি পরবর্তিতে ১৬.০৯.২০১৪ তারিখে ২৯৬০ সংখ্যক স্মারকে জানান যে, সৈয়দ আসলাম আলী কর্তৃক স্বাক্ষরিত Work Completion Certificateটি সঠিক নয় এবং পূর্বে ভুলবশত: সনদটি সঠিক মর্মে প্রত্যায়ন করা হয়েছিল;

যেহেতু উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ ও বিধি ৩ (ডি) অনুযায়ী দুর্নীতিপরায়ণতা হওয়ায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ১২/২০১৫ রুজু করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু তিনি গত ১৮.০৩.২০১৫ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ২২.০৪.২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে মেসার্স Richi Enterprise এর প্রথম সনদ যখন প্রত্যায়ন করা হয় তখন ঢাকা সড়ক বিভাগে তাঁর চাকুরীকাল ছিল মাত্র ১৫ দিন। বর্ষাকাল থাকায় সড়ক নেটওয়ার্ক সচল ও কার্যকর রাখতে তদারকিতে খুবই ব্যস্ত ছিলেন। এ প্রেক্ষাপটে অফিস স্টাফ, অফিস কপির ফটোকপি ও রেজিস্ট্রার এর উপর ভিত্তি করে প্রথম প্রত্যায়ন দিয়েছিলেন, যা ছিল ভুল। ২০০৭-০৮ অর্থবছরের কাজের কন্ট্রাক্ট নম্বর তখন না থাকায় সে সময় cms যাচাই করা সম্ভব হয়নি। পরে কন্ট্রাক্ট নম্বর সংগ্রহ করে cms যাচাই করে জানানো হয় যে প্রথম প্রদত্ত প্রত্যায়ন সঠিক ছিল না। এটা তাঁর ভুল এবং এজন্য তিনি অনুতপ্ত। ভবিষ্যতে যাতে এ ধরনের ভুল না হয় সেজন্য অফিস ব্যবস্থাপনায় প্রতিকারমূলক কার্যক্রম ইতোমধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে।


চলমান পাতা-২  
৫



সেহেতু এক্ষণে, এ প্রেক্ষাপটে জনাব মোঃ আতাউর রহমান (পরিচিতি নম্বর ০০৫১৫৩), নির্বাহী প্রকৌশলী, ঢাকা সড়ক বিভাগ-কে ভবিষ্যতের জন্য সতর্ক করে বিভাগীয় মামলা নম্বর ১২/২০১৫ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


  
(এম, এ, এম, ছিদ্দিক)  
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৭.১৫-১৫০/১(১৪)

তারিখ : ০৩ জ্যৈষ্ঠ ১৪২২  
১৭ মে ২০১৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্তসার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)
১২. জনাব মোঃ আতাউর রহমান (পরিচিতি নম্বর ০০৫১৫৩), নির্বাহী প্রকৌশলী, ঢাকা সড়ক বিভাগ, বনানী, ঢাকা
১৩. সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

  
(মোহা: লিয়াকত আলী খান)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৮৪১২৮